সমকাল
তারিখ 17 JAN 2017
পৃষ্ঠা 6 কলাম 6

# কারিগরি শিক্ষা বাণিজ্য

গত ১৩ জানুয়ারি সমকালে অনুসন্ধানে জানলাম, কারিগরি শিক্ষা বোর্ডে পরীক্ষা না দিয়ে পাস ও মহিলা মাদ্রাসায় পাস দেখানো হয়েছে পুরুষদেরও। কী ভয়ঙ্কর শিক্ষাব্যবস্থা! কারিগরি বোর্ড টাকার বিনিময়ে বাণিজ্য করে আসছে বিভিন্ন সেক্টরে। স্বাস্থ্য মন্ত্রণালয় অনুমোদিত রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদের অধীনে মেডিকেল টেকনোলজি কোর্স চালু থাকলেও ২০০৬ সাল থেকে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন নিয়ে মেডিকেল টেকনোলজি কোর্স চালু করেছে কারিগরি শিক্ষা বোর্ড। যেখানে মেডিকেল সেক্টরের মতো একটি স্পর্শকাতর বিষয়ে মানবিক ও বাণিজ্য বিভাগের যে কোনো সালে পাসকৃত ছাত্রছাত্রীদের ভর্তি করানো হয়। এসব হাতুড়ে মেডিকেল টেকনোলজিস্ট সঠিক রোগ নির্ণয়ে এবং সাধারণ মানুষের স্বাস্থ্যসেবার জন্য হুমকি। যে কোনো মেডিকেল শিক্ষা পরিচালনা করতে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন হলেও নিয়মনীতির তোয়াক্কা না করে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়াই মেডিকেল টেকনোলজি কোর্স চালু রেখেছে কারিগরি শিক্ষা বোর্ড। সাধারণ মানুষের স্বাস্থ্যসেবার কথা চিন্তা না করে ব্যবসায়িক উদ্দেশ্যে চালু করা এই কোর্সের পাসকৃতদের ভুল রিপোর্টে রোগীদের মৃত্যু পর্যন্ত হতে পারে।

**প্রবীর ঘোষ**
বিএমটিপিএসএস, ঢাকা